

"গ্যাস জাতীয় সম্পদ। এর অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন।"

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
সাধারণ প্রশাসন শাখা

“জ্বালানির সাশ্রয়, আগামী সঞ্চয়”

বিষয়ঃ বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০১৯) সভার কার্যবিবরণী।

সভাপতি মোঃ আমীর ফয়সাল
মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল
সভার তারিখ ২২.১২.২০১৯
সভার সময় দুপুর-২.৩০ ঘটিকা
স্থান মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল
উপস্থিতি কমিটির সদস্যবৃন্দ (সংযুক্তি অনুযায়ী)

২২.১২.২০১৯ তারিখে কোম্পানির নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০১৯) সভা কোম্পানির মিটিং রুমে কমিটির সভাপতি, জনাব মোঃ আমীর ফয়সাল, মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

১.০ আলোচনা :

১.১। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, গত ২৫.১১.২০১৯ তারিখে পেট্রোবাংলায় অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী স্কুল এন্ড কলেজে সততা স্টোর স্থাপনের কাজ যথাসময়ে সম্পাদন করতে বলা হয়েছে। তাছাড়া, সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাস করে পুরানো অপপ্রয়োজনীয় নথি বিনষ্টকরণের জন্য বিজিএফসিএল-কে নির্দেশনা প্রদান করা হয়। বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির সভাপতি ও বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী স্কুল এন্ড কলেজ এর গভর্নিং বডির সভাপতি জনাব মোঃ আমীর ফয়সাল, মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী স্কুল এন্ড কলেজে ইতঃমধ্যেই সততা স্টোর স্থাপন করা হয়েছে। তিনি আরো অবহিত করেন যে, শ্রেণি বিন্যাসকৃত পুরাতন অপপ্রয়োজনীয় নথি বিনষ্টকরণের জন্য বিজিএফসিএল-এ একটি স্ট্যান্ডিং কমিটি গঠন করা হয়েছে এবং উক্ত কমিটির মাধ্যমে ইতঃমধ্যে অনেক পুরাতন অপপ্রয়োজনীয় নথি বিনষ্ট করা হয়েছে।

১.২। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, গত ২৫.১১.২০১৯ তারিখে পেট্রোবাংলায় অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী কোম্পানি হতে দৈনিক পত্রিকায় যেসব বিজ্ঞপ্তি, বিজ্ঞাপন ইত্যাদি দেয়া হয়, সেখানে দুর্নীতি বিরোধী ছড়া, নীতিকথা, নীতিবাক্য ইত্যাদি প্রকাশের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়েছে।

১.৩। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা-২০১৯-২০২০ এর ২য় কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় অবহিত করা হয় যে, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত ইতঃমধ্যেই অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হয়েছে, কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং সেবার সহজীকৃত প্রসেস ম্যাপ ওয়েবসাইটে আপলোডকরণ ও অভিযোগ বাক্স স্থাপন প্রক্রিয়াধীন রয়েছে।

২.০ সিদ্ধান্ত:

২.১। শ্রেণি বিন্যাসকৃত পুরাতন অপ্রয়োজনীয় নথি বিনষ্টকরণের জন্য সংশ্লিষ্ট কমিটিকে যথাসময়ে অবহিত করতে হবে।

২.২। কোম্পানি হতে দৈনিক পত্রিকায় যেসব বিজ্ঞপ্তি, বিজ্ঞাপন ইত্যাদি দেয়া হয়, সেখানে দুর্নীতি বিরোধী ছড়া, নীতিকথা, নীতিবাক্য ইত্যাদি প্রকাশের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করতে হবে।

২.৩। লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩১.১২.২০১৯ তারিখের মধ্যে সেবার সহজীকৃত প্রসেস ম্যাপ ওয়েবসাইটে আপলোডকরণ ও যথাস্থানে অভিযোগ বাক্স স্থাপন করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমীর ফয়সাল

মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০৩২.৩৩.০০১.১৯.৬৪৫

তারিখ: ১১ পৌষ ১৪২৬

২৬ ডিসেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক (সংস্থাপন) ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা

২) সকল সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

৩) ব্যবস্থাপক (আইডব্লিউটি), বিজিএফসিএল (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।



মোঃ আমীর ফয়সাল

মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল